প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

সহকারি শিক্ষক নিয়োগ-২০২৩

# পরীক্ষার্থীদের জন্য নির্দেশিকা

(ভার্সন-১.০০)

প্রস্তুতকরণে -

ইনস্টিটিউট অফ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

১.০ সূচনা

- পরীক্ষার দিন সকাল ৯:০০ টায় পরীক্ষার্থীদের স্ব স্ব পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে। সকাল ৯:৩০ টায় পরীক্ষা কেন্দ্রের সকল প্রবেশপথ বন্ধ করে দেয়া হবে এবং পরীক্ষার হলে ওএমআর শীট বিতরণ করা হবে। এর পর তাদের প্রবেশের অনুমতি থাকবে না।

২.০ পরীক্ষার্থীদের জন্য সাধারন নির্দেশনা

- পরীক্ষার্থীরা আসন গ্রহণ করার পর একজন কক্ষ পরিদর্শক পরীক্ষার্থীদের জন্য সাধারণ নির্দেশিকাটি পড়ে শোনাবেন। (নির্দেশনাসমূহ পরিশিষ্ট-১ এ দেয়া আছে।)

৩.০ ওএমআর ফরম বিতরণ ও পূরন করা

- ওএমআর ফরমের একটি নমুনা পরিশিষ্ট-২ দেয়া আছে।
- পরীক্ষা শুরুর 20 মিনিট আগে ওএমআর ফরম দেয়া হবে।
- ওএমআর ফরম বিতরণ শেষে একজন কক্ষ পরিদর্শক ওএমআর ফরমের পূরণ করার বিভিন্ন বিষয় বুঝিয়ে দিবেন।
- ওএআর ফরম-এ যে তথ্যগুলো দিতে হবে, সেগুলো হল- (ক) রোল নম্বর, (খ) পুরুষ/মহিলা, (গ) সেট কোড, (ঘ) প্রার্থীর নাম, (ঙ) পিতার নাম, (চ) মাতার নাম, (ছ) জেলার নাম (নিজ জেলা) ও (জ) প্রার্থীর স্বাক্ষর।

৪.০ পরীক্ষাথীর হাতের লেখা সংরক্ষণ

- ওএমআর ফরমের নির্দিষ্ট বক্সে বাংলায় ৩(তিন)টি বাক্য ও ইংরেজীতে ২(দুই)টি বাক্য আবশ্যিকভাবে লিখতে হবে।
- <u>রোল নম্বরের বৃত্তগুলো ও সেট কোডের বৃত্ত ভরাট করতে ভুল করলে কিংবা হাজিরা শীটে (একটি নমুনা পরিশিষ্ট-৩ এ দেয়া আছে) স্বাক্ষর ও উপস্থিতি বৃত্তটি ভরাট না করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।</u>
- ওএমআর ফরমে সেট কোডের ঘরে প্রবেশপত্রে উল্লিখিত সেট কোডটির বিপরীতে বৃত্ত ভরাট করতে হবে।

৫.০ ওএমআর-এর সেট কোড ও প্রশ্নের সেট কোডের যোগসূত্রের ফরম

<u>যোগসূত্রের ফরমটি কি?</u>

পরীক্ষার্থীদের প্রবেশ পত্র <u>(একটি নমুনা পরিশিষ্ট-৪ এ দেয়া আছে)</u>-এ একটি সেট কোড লেখা থাকবে এবং সেই সেট কোডটি ওএমআর ফর্মে পূরণ করবে হবে। যেমন- পদ্মা, মেঘনা, যমুনা......... ইত্যাদি। কিন্তু প্রশ্নের সেট কোড হবে ভিন্ন। যেমন- 1, 2, 3..........ইত্যাদি। কোন পরীক্ষার্থী কোন সেট কোডের প্রশ্নের উত্তর করবে তার একটি ম্যাপিং করা থাকে। যেমন- যে সকল পরীক্ষার্থীর প্রবেশপত্রে পদ্মা লেখা থাকবে তারা হয়তো 2 সেট কোডের প্রশ্ন পাবে, যাদের প্রবেশ পত্রে মেঘনা লেখা থাকবে তারা হয়তো 1 কোডের প্রশ্ন পাবে, ইত্যাদি।

- পরীক্ষা কক্ষের বোর্ডে আগে থেকেই ওএমআর-এর সেট কোড ও প্রশ্নের সেট কোডের যোগসূত্রের ফরমটি এঁকে রাখা হবে।

- পরীক্ষা শুরু হওয়ার আনুমানিক ৫ মিনিট পূর্বে কেন্দ্র সচিবের পক্ষ থেকে যোগ সূত্রের ফরমটি পাওয়া মাত্রই কক্ষ পরিদর্শক সেটি বোর্ডের খালি ফরমে উঠিয়ে দিবেন।

- অন্য একজন পরিদর্শক সেটি মূল কপির সাথে পরীক্ষা করে দেখবেন এবং পরীক্ষার্থীদের যোগ সূত্রের বিষয়টি বুঝিয়ে দিবেন।
- সেটি বুঝিয়ে দেয়ার পর প্রশ্নপত্র বিতরণ করা হবে।

৬.০ ওএমআর ফরম ও হাজিরা শীটে বৃত্ত পূরণে সতর্কতা

- বৃত্তগুলো এমনভাবে ভরাট করতে হবে যেন বৃত্তের ভেতরের লেখাগুলো দেখা না যায়।
- বৃত্তাকার ঘরগুলি অবশ্যই কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।
- উত্তরপত্রে কোন অবাঞ্ছিত দাগ দেওয়া যাবে না।
- উত্তরপত্র কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না।
- পরিষ্কার পরিচ্ছন্ন ও ভাঁজবিহীন উত্তরপত্র মেশিনে মূল্যায়নের জন্য অপরিহার্য।

৭.০ প্রশ্নপত্র বিতরণ

- পরীক্ষা শুরুর ঘন্টা পরার সাথে সাথে প্রশ্নপত্র বিতরণ শুরু করা হবে।
- প্রথমে যাদের ওএমআর কোড পদ্মা তাদের দাঁড়াতে বলা হবে।
- পদ্মা সেট কোডের জন্য নির্ধারিত কোডের প্রশ্নপত্র বিতরণ করা হবে।
- একই পদ্ধতি অনুসরণ করে অন্যান্য ওএমআর সেট কোডের পরীক্ষার্থীদের প্রশ্নপত্র বিতরণ করা হবে।

৮.০ পরীক্ষার্থীদের হাজিরা গ্রহণ

- কক্ষ পরিদর্শক পরীক্ষার্থীর প্রবেশপত্র অনুযায়ী ওএমআর ফরমের বিভিন্ন অংশ পূরণ করেছে কিনা তা পরীক্ষা করে দেখবেন।
- এর ভিতর গুরুত্বপূণ অংশগুলো হল- (ক) রোল নম্বর, (খ) পুরুষ/মহিলা, (গ) সেট কোড (ঘ) জেলার নাম (নিজ জেলা) ও (ঙ) প্রার্থীর স্বাক্ষর।
- রোল নম্বরের বৃত্তগুলো ও সেট কোডের বৃত্ত ভরাট করতে ভুল করলে কিংবা হাজিরা শীটে স্বাক্ষর ও উপস্থিতি বৃত্তটি ভরাট না করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- এগুলো পূরণ করা আছে কিনা তা কক্ষ পরিদর্শক পরীক্ষা করবেন।
- বৃত্ত ভরাট করতে পরীক্ষার্থী ভুল করার কারনে নতুন ওএমআর ফরম দেয়া হবে না।
- কক্ষ পরিদর্শক হাজিরা সিটে পরীক্ষার্থীর স্বাক্ষর, উপস্থিতি বৃত্ত ও প্রশ্নের সেট কোডের নম্বর পরীক্ষার্থী সঠিকভাবে লিখেছে/পূরণ করেছে কিনা তা দেখবেন।
- উপস্থিতি বৃত্তটি ভরাট করা খুবই জরুরী, কারন হাজিরা শীটটি মেশিনে পড়া হয় এবং এই বৃত্তটির মাধ্যমে নির্ধারিত হয় পরীক্ষার্থী উপস্থিত নাকি অনুপস্থিত।
- সবশেষে, কক্ষ পরিদর্শক ওএমআর ফরমে তার স্বাক্ষর দিবেন।

**৯.০ পরীক্ষা থেকে বহিস্কার**

- পরীক্ষা চলা কালীন সময়ে যদি কোন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বন করে, তাহলে তাকে নিয়ম অনুযায়ী বহিস্কার করা হবে।

**১০.০ ওএমআর ফরম সংগ্রহ**

- পরীক্ষার সময় শেষ হলে সকলকে লেখা বন্ধ করতে বলা হবে।
- ওএমআর ফরমগুলো ও প্রশ্নপত্র পরীক্ষার্থীদের কাছ থেকে তুলে নেয়া হবে।
- সে গুলো গুনে হাজিরা শীটে স্বাক্ষর করা পরীক্ষার্থীর সংখ্যার সাথে মিলিয়ে দেখা হবে।
- সবকিছু ঠিক থাকলে পরীক্ষার্থীদেরকে কক্ষ ত্যাগ করতে দেয়া হবে।

===============

পরিশিষ্ট-১

<u>পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী</u>

১. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র এবং জাতীয় পরিচয় পত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

২. সকাল ৯:০০ টায় প্রার্থীকে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করতে পারবেন না। সকাল ৯:৩০ টায় পরীক্ষা কেন্দ্রের সকল প্রবেশপথ বন্ধ করে দেয়া হবে এবং পরীক্ষার হলে ওএমআর শীট বিতরণ করা হবে।

৩. পরীক্ষা শুরুর পর থেকে ওএমআর ফরম জমা না দেয়া পর্যন্ত কাউকে বাইরে যেতে দেয়া হবে না, তাই পরীক্ষার শুরু হওয়ার আগেই সকল প্রয়োজন মিটিয়ে আসতে হবে।

৪. কক্ষ পরিদর্শকের অনুমতি ব্যতীত নিজ আসন ছাড়া অন্য কোন আসনে বসা যাবে না।

৫. প্রবেশপত্র ব্যতিরেকে কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটিব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়ি জাতীয় বস্তু, ইলেকট্রনিক্স হাত ঘড়ি বা যে কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস, যোগাযোগ যন্ত্র বা এই জাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করতে দেয়া হবে না। যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে অবস্থানকালে অবশ্যই উভয় কান উন্মুক্ত রাখতে হবে।


৭. আবেদনপত্রে পরীক্ষার্থীর প্রদত্ত ছবি হাজিরা শীটে থাকবে এবং ইনভিজিলেটর এই ছবি দিয়ে পরীক্ষার্থীকে যাচাই করবেন । ভুয়া পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. আবেদনপত্রে প্রার্থীর দেয়া স্বাক্ষরের সাথে পরীক্ষার হাজিরা সীটে এবং ওএমআর শীটে প্রদত্ত স্বাক্ষরসহ সকল তথ্যে মিল থাকতে হবে।
৯. পরীক্ষার্থীকে উত্তরপত্রে অবশ্যই কালো বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে।
১০. একজন পরীক্ষার্থীর জন্য ওএমআর ফরমের সেট কোড পূর্বনির্ধারিত থাকবে, পরীক্ষার্থীর জন্য নির্ধারিত ওএমআর ফরমের সেট কোডটি এ প্রবেশপত্রে উল্লেখ করা আছে।
১১. পরীক্ষার হলে যে ওএমআর ফরমটি দেওয়া হবে, সেখানে সেট কোডের ঘরে প্রবেশপত্রে উল্লিখিত কোডটির বিপরীতে বৃত্ত ভরাট করতে হবে।
১২. ওএমআর ফরম পাওয়ার পর ফরমের ডানদিকে নীচে লেখা নির্দেশাবলী সমূহ খুব ভালোভাবে পড়ে নিতে হবে।
১৩. পরীক্ষায় প্রশ্নপত্রের সেট কোডসমূহ এবং ওএমআর ফরমের সেট কোড ভিন্ন হবে। পরীক্ষার্থীর ওএমআর সেট কোড এর বিপরীতে কোন সেট কোডের প্রশ্ন পাবেন তা পরীক্ষা শুরু হওয়ার পাঁচ মিনিট আগে কক্ষ পরিদর্শক জানিয়ে দিবেন। পরীক্ষার্থী সঠিক কোডের প্রশ্নটি পেলেন কিনা তা নিজে নিশ্চিত হবেন।
১৪. প্রবেশপত্রে নির্ধারিত ওএমআর-এর সেট কোড ব্যতীত অন্য সেট কোডে পরীক্ষা দিলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।
১৫. রোল বা সেট কোড এর বৃত্ত পূরণে কোনো ভুল হলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।
১৬. হাজিরা সীটের সঠিক স্থানে পরীক্ষার্থীকে স্বাক্ষর করতে হবে এবং হাজিরা বৃত্তটি পূরণ করতে হবে। তা না হলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।
১৭. ওএমআর ফরমের উপরিভাগের নির্ধারিত সকল টেক্সটবক্স নির্দেশনা অনুযায়ী পূরণ করতে হবে, অন্যথায় উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।
১৮. পরীক্ষা কেন্দ্রের ভিতরে আপনার আসন কোন রুমে তার তালিকা টানিয়ে দেয়া হবে। এক পরীক্ষার্থীর জায়গায় অন্য কোন পরীক্ষার্থী পরীক্ষা দিলে তার পরীক্ষা বাতিল হবে।
১৯. পরীক্ষা চলাকালীণ সময়ে কারো সাথে যোগাযোগ করা যাবে না, কারো সাথে যোগাযোগের চেষ্টা করা হলে কিংবা কোন অসদুপায় অবলম্বন করা হলে পরীক্ষা থেকে বহিষ্কার করা হবে।
২০. পরীক্ষা আগে, চলাকালীন কিংবা পরে পরীক্ষার্থী কক্ষ পরিদর্শকের সঙ্গে দুর্ব্যাবহার করলে বা কোন অন্যায় আচরণ করলে ও তা প্রমানিত হলে তার পরীক্ষা বাতিল হবে।
২১. পরীক্ষা হলে কক্ষ পরিদর্শকের নির্দেশ মেনে চলতে হবে।
২২. পরীক্ষা শেষে কক্ষ পরিদর্শক লেখা বন্ধ করতে বলার সঙ্গে সঙ্গে লেখা বন্ধ করতে হবে।
২৩. কক্ষ পরিদর্শক কর্তৃক ওএমআর ফরম ও প্রশ্ন পত্র জমা নেয়ার পর উনারা তা গুনে সব ঠিক পাওয়া পর্যন্ত পরীক্ষার্থীদের যার যার আসনে বসে থাকতে বলবেন। তারা যেতে না বলা পর্যন্ত কেউ কক্ষ ত্যাগ করবে না।

========

পরিশিষ্ট-২

## ওএমআর ফরমের নমুনা


প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

23000000043

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২৩

অবশ্যই কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা বৃত্ত ভরাট করিতে হইবে

গ্রুপ-১

এ বক্সের মধ্যে কোনো দাগ দেওয়া নিষিদ্ধ

বাংলাদেশ সম্পর্কে বাংলায় ৩টি ও ইংরেজিতে ২টি বাক্য লিখুন। বাংলা ঃ

ইংরেজি ঃ

রোল নম্বর ঃ (বাংলায়)

প্রার্থীর নাম — বাংলায় ঃ / ইংরেজিতে ঃ

পিতার নাম — বাংলায় ঃ / ইংরেজিতে ঃ

মাতার নাম — বাংলায় ঃ / ইংরেজিতে ঃ

রোল নম্বর (বাংলায়)

পুরুষ/মহিলা — পুরুষ / মহিলা

জেলার নাম

প্রার্থীর স্বাক্ষর

কক্ষ পরিদর্শকের স্বাক্ষর

তারিখ

(বি: দ্র: যে কোন প্রকার নোট/সাদা কালি ব্যবহার নিষিদ্ধ)

অবশ্যই কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা বৃত্ত ভরাট করিতে হইবে

প্রশ্ন নম্বর | উত্তর

সেট কোড — পদ্মা / মেঘনা / যমুনা / সুরমা

নিয়মাবলি

১। বৃত্তাকার ঘরগুলো এমনভাবে ভরাট করিতে হইবে যাহাতে বৃত্তগুলির ভিতরের লেখাটি দেখা না যায়।
বৃত্ত ভরাটের সঠিক পদ্ধতি
বৃত্ত ভরাটের ভুল পদ্ধতি

২। বৃত্তাকার ঘরগুলি অবশ্যই কালো কালির বল-পয়েন্ট কলম দ্বারা ভরাট করিতে হইবে।

৩। উত্তরপত্রে কোন অবাঞ্ছিত দাগ দেওয়া যাইবে না।

৪। উত্তরপত্র কোন অবস্থাতেই ভাঁজ করা যাইবে না।

৫। পরিষ্কার পরিচ্ছন্ন ও ভাঁজবিহীন উত্তরপত্র মেশিনে মূল্যায়নের জন্য অপরিহার্য।

এ বক্সের মধ্যে কোনো দাগ দেওয়া নিষিদ্ধ

## পরিশিষ্ট-৩

## হাজিরা শীটের নমুনা

### হাজিরা শিট: কক্ষ নং - 102 ( ভবন : Girl's Building)

| ক্রমিক নং | রোল নম্বর | ছবি | পরীক্ষার্থীর নাম | পরীক্ষার্থীর স্বাক্ষর | উপস্থিত থাকলে ভরাট করুন | প্রশ্নের সেট কোড | ওএমআর সেট কোড |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | 1210101 |  | ROMANA AKHTER | | ○ | | পদ্মা |
| ২ | 1210102 |  | NAFIUL ALAM | | ○ | | মেঘনা |
| ৩ | 1210103 |  | NUSRAT JAHAN | | ○ | | যমুনা |
| ৪ | 1210104 |  | SHAHANAZ PARVIN SHATHI | | ○ | | সুরমা |
| ৫ | 1210105 |  | AL - NAHIAN FOYSAL | | ○ | | পদ্মা |
| ৬ | 1210106 |  | KHADIZA KHAN | | ○ | | মেঘনা |
| ৭ | 1210107 |  | JULEKHA AKTER | | ○ | | যমুনা |

পরিশিষ্ট-৪

**প্রবেশপত্রের নমুনা**

এই প্রবেশপত্রটির রঙিন প্রিন্ট নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।

| | | |
|---|---|---|
| | **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**<br>**প্রাথমিক শিক্ষা অধিদপ্তর** | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০১.২৩-৭৫, তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২৩ |

## প্রবেশপত্র -সহকারী শিক্ষক নিয়োগ-২০২৩ (গ্রুপ-১)

রোল নং- | ১ | ২ | ৫ | ৬ | ৮ | ৯ | ৯ |



নাম ঃ FARAH DEBA KEYA

পিতার নাম ঃ MD. RUHUL AMIN

মাতার নাম ঃ ROWSHANRA BEGUM

উপজেলা: SAVAR

জেলা ঃ DHAKA

পরীক্ষার তারিখ ও সময় ঃ 01 DECEMBER 2023, 10:00 AM-11:00 AM

পরীক্ষার কেন্দ্র ঃ MIRPUR GOVT. HIGH SCHOOL,
MIRPUR, SECTION-1, DHAKA-1216

পরীক্ষার্থীর স্বাক্ষর




ওএমআর এর সেট কোড

পদ্মা

**পরীক্ষার্থীর জন্য সাধারণ নির্দেশাবলী**

১. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য এই প্রবেশপত্র এবং জাতীয় পরিচয় পত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

২. সকাল ৯:০০ টার প্রার্থীকে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করতে পারবেন না। সকাল ৯:৩০ টায় পরীক্ষা কেন্দ্রের সকল প্রবেশপথ বন্ধ করে দেয়া হবে এবং পরীক্ষার হলে ওএমআর শীট বিতরণ করা হবে।

৩. প্রবেশপত্র ব্যতিরেকে কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটিব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়ি জাতীয় বস্তু, ইলেকট্রনিক্স হাত ঘড়ি বা যে কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস, যোগাযোগ বস্তু বা এই জাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করতে দেয়া হবে না। যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে অবস্থানকালে অবশ্যই উভয় কান উন্মুক্ত রাখতে হবে।

৫. আবেদনপত্রে পরীক্ষার্থীর প্রদত্ত ছবি হাজিরা শীটে থাকবে এবং ইনভিজিলেটর এই ছবি দিয়ে পরীক্ষার্থীকে যাচাই করবেন। ভুয়া পরীক্ষার্থীর [illegible]